শহীদ জিয়াউর রহমান রহমান এর ৮৯ তম জন্মবার্ষিকীতে আলোচনা সভা

মোঃ রুহুল আমিন রাজু জামালপুরঃ মহান স্বাধীনতার ঘোষক, বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক,বিএনপির প্রতিষ্ঠাতা শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তম এর ৮৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গত ১৯ জানুয়ারি রবিবার বিকেলে জামালপুর জেলার মেলান্দহ উপজেলা বিএনপির দলীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন মেলান্দহ উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আনোয়ারুল কাদির শ্যামল তালুকদার। অনুষ্ঠান পরিচালনা করেন মেলান্দহ পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক সাহেদ নেওয়াজ পলিন। বক্তব্য রাখেন মেলান্দহ উপজেলা বিএনপির সদস্য সচিব বিশিষ্ট সাংবাদিক আলহাজ্ব নুরুল আলম সিদ্দিকী,,যুগ্ম আহ্বায়ক আলহাজ্ব এম রফিকুল ইসলাম রহিম,পৌর বিএনপির সিনিয়র সহসভাপতি রেজাউল করিম রেজা, দুরমুঠ ইউনিয়ন বিএনপির সভাপতি সাবেক কয়েকবারের সফল চেয়ারম্যান সৈয়দ রাশেদুজ্জামান অপু মিয়া,প্রমুখ নেতৃবৃন্দ। উপস্থিত ছিলেন কুলিয়া ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান আলহাজ্ব ফজলুর রহমান ঠান্ডা, মাহমুদপুর ইউনিয়ন বিএনপির সদস্য সচিব তৈয়বুর রহমান মাষ্টার, মেলান্দহ উপজেলা বিএনপির সদস্য লুৎফর রহমান লিটন, মুন্জুরুল কবীর মুন্জু, আতাউল হক চিশতি, বিশিষ্ট সিএনএফ ব্যবসায়ী ও মেলান্দহ উপজেলা বিএনপির অন্যতম সদস্য নুর নবী, মতিউর রহমান বাবলু, উপজেলা বিএনপির সদস্য ফজলুল কাদের হেলাল, মেলান্দহ পৌর বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সভাপতি আব্দুস ছালাম মোল্লা,মেলান্দহ উপজেলা বিএনপির সদস্য আব্দুল আলিম তালুকদার লেবু,আনিছুর রহমান আনিস, জিল্লুর রহমান জিল্লু, উপজেলা মহিলা দলের সভাপতি শামসুন্নাহার শান্তি, সাধারণ সম্পাদক,ফরিদা ইয়াসমিন পুষি, যুবদলের আহবায়ক মনোয়ার হোসেন মনু, সিনিয়র যুগ্ম আহবায়ক এম,এ গফুর, যুগ্ম আহবায়ক মিনহাজ উদ্দিন, ওলামা দলের সভাপতি মাওলানা জাকির হোসেন, উপজেলা শ্রমিক দলের সাধারণত সম্পাদক রুকনুজ্জামান রুকন, সাংগঠনিক সম্পাদক ডাঃ মেহেদী হাছান মেহের, সেচ্ছাসেবক দলের যুগ্ম আহবায়ক সুমন মাহবুব, উপজেলা ছাত্র দলের আহবায়ক মনিরুজ্জামান শিপলু ফকির, সদস্য সচিব রকিব হাসান রনি প্রমুখ নেতৃবৃন্দ। দোয়া মাহফিল পরিচালনা করেন পৌর ওলামা দলের সভাপতি

আনোয়ার হোসেন মানু। অনুষ্ঠান শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন মেলান্দহ উপজেলা ওলামা দলের সাধারণত সম্পাদক মাওলানা মনির হোসেন।